# NEW BLOWN

*-An Int'l Standard School-*

**8th Week: Class-Three**

| Date | Day | Subject | Overview of Lesson |
|---|---|---|---|
| 03-04-2021 | Saturday | Ban-I | কানামাছি ভোঁ ভোঁ শীটের মূলভাব পড়া + ১নং এর (ক) প্র. উ. পড়া+ C.W (শীট যাবে) |
| | | BGS | অ-৪ এর যো. প্র. উ. (পৃ.২২ থেকে) শিক্ষক কর্তৃক নির্ধারিত (C.W + H.W) |
| | | Eng.-I | Model-4 Reading with meaning + (1,2) no C.W+ 3no H.W (pg-18) |
| 04-04-2021 | Sunday | Ban-I | শীটের প্র. উ. (খ-ঘ) নং পড়া+ C.W |
| | | BGS | অ-৪ এর যো. প্র. উ. (পৃ.২৬ থেকে) শিক্ষক কর্তৃক নির্ধারিত (C.W + H.W) |
| | | Eng.-I | Re-arrange: Model (1-4), (12) no C.W pg(6,11,16,22) |
| 05-04-2021 | Monday | Ban-II | রচনা- ধান সম্পূর্ণ পড়া |
| | | Draw | - |
| | | Eng. –II | Application -Leave of Absence (C.W+H.W) pg-140 |
| 06-04-2021 | Tuesday | Ban-II | রচনা: "জাতীয় ফুল" সম্পূর্ণ রচনা পড়া |
| | | Math | যো. প্র. সমাধান (১,২) নং C.W + H.W(শীট যাবে) |
| | | Eng. –II | Paragraph: A Farmer (C.W+ H.W) pg-154 |
| 07-04-2021 | Wednesday | Science | অ-৪: সম্পূর্ণ রিডিং থেকে যো. প্র. উ C.W + H.W |
| | | Math | যো. প্র. সমাধান ৩নং C.W + H.W |
| | | Religion | অ-১ যো. প্র. উ. (ঘ-চ) নং পড়া+ C.W |
| | | Hindu Religion | অ-২ এর যো. প্র. উ. ১,২নং পড়া+ C.W(শীট যাবে) |
| 08-04-2021 | Thursday | Science | পৃ. ২৯ এর ৪নং প্র. উ. পড়া+ পৃ. ৭৯ শব্দকোষ (অক্সিজেন-উদ্ভিদ) পড়া |
| | | Math | যো. প্র. সমাধান ৪নং C.W + H.W |
| | | Religion | অ-২: যো. প্র. উ. (ক-গ) নং পড়া + C.W এবং (ঘ-ঙ) নং H.W |
| | | Hindu Religion | অ-৩ এর যো. প্র. উ, (১-৩) নং পড়া + C.W (শীট যাবে) |

NEW BLOWN

বিষয়ঃ বাংলা ১মপত্র শ্রেণিঃ তৃতীয়

# কানামাছি ভোঁ ভোঁ

**মূলকথাঃ**

গ্রাম বাংলায় বিভিন্ন ধরণের খেলাধুলার প্রচলন রয়েছে, কানামাছি তেমনি একটি খেলা। তপু গ্রামে এসে কানামাছি খেলা শিখেছে। গ্রামের ছোট ছোট ছেলেমেয়েরা বিভিন্ন সময় এসব খেলা নিয়ে মেতে ওঠে। বিকেল বেলায় গ্রাম বাংলার মাঠে মাঠে ছেলে মেয়েদের খেলার ধুম পড়ে যায়। খেলা শেষে সন্ধ্যার আগেই তারা বাড়িতে ফিরে যায়।

**৪। সংক্ষিপ্ত প্রশ্নোত্তরঃ**

**ক) তপুর মামার বাড়ি কোথায়?**

**উত্তরঃ** তপুর মামার বাড়ি শীতলপুর গ্রামে।

**খ) সবাই কখন খেলা করে?**

**উত্তরঃ** 'কানামাছি ভোঁ ভোঁ' গল্পটিতে গ্রামের ছেলেমেয়েদের খেলাধুলার সময় উল্লেখ করা হয়েছে। গ্রামে সাধারণত বিকেল বেলা ছেলে মেয়েরা খেলার মাঠে এক সঙ্গে খেলা করে।

**গ) নতুন শেখা খেলার নাম কী?**

**উত্তরঃ** গ্রীষ্মের ছুটিতে তপু ও কান্তা গ্রামের বাড়ি গিয়ে নতুন একটা খেলা শিখল। খেলার নাম কানামাছি। কানামাছি মজার একটা খেলা।

**ঘ) রাতুলের চারপাশে সবাই কিসের মতো ঘুরতে লাগল?**

**উত্তরঃ** কানামাছি খেলার শুরুতে রাতুলের দুচোখ কাপড় দিয়ে বেঁধে দিল সোমা। তারপর শুরু হলো আসল খেলা। সবাই রাতুলের চারদিকে ঘুরতে লাগল এক ঝাঁক মাছির মতো।

NEW BLOWN

বিষয়ঃ গণিত শ্রেণিঃ তৃতীয়

**যোগ্যতাভিত্তিক প্রশ্নাবলীঃ**

১। রাজু বই মেলায় প্রথম দিনে ১১৫০ টাকা, দ্বিতীয় দিনে ১২২৫ টাকা, তৃতীয় দিনে ১৫৭৫ টাকা ও চতুর্থ দিনে ২০০০ টাকার বই বিক্রি করেন।

ক) রাজু তৃতীয় ও চতুর্থ দিনে মোট কত টাকার বই বিক্রি করেন?

খ) রাজু চারদিনে মোট কত টাকার বই বিক্রি করেন?

গ) তিনি দ্বিতীয় দিনে যত টাকার বই বিক্রি করেন তার সাথে ৫২২১ টাকা যোগ কর।

২। মাছুম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার জন্য ১ম দিন ১৫০ মিটার, ২য় দিন ২০০ মিটার, ৩য় দিন ২৫০ মিটার এবং ৪র্থ দিন ৩০০ মিটার দৌড়ায়।

ক) প্রথম দুই দিন সে কত মিটার দৌড়ায়?

খ) শেষ দুই দিন সে কত মিটার দৌড়ায়?

গ) ৫ম দিন ৩২০ মিটার দৌড়ালে ৫ দিনে মোট কত মিটার দৌড়াবে?

৩। একটি ক্রিকেট খেলায় বাংলাদেশ দল ৩৮৬ রান করেছে এবং অস্ট্রেলিয়া দল ২৪২ রান করেছে।

ক) কোন দল জয় লাভ করেছে?

খ) কোন দল বেশি রান করেছে এবং কত রান বেশি করেছে?

গ) তিন অংকের বৃহত্তম সংখ্যা থেকে অস্ট্রেলিয়া দলের রান বিয়োগ কর।

৪। ছেলের বয়স ১৮ বছর এবং মায়ের বয়স ৪২ বছর।

ক) মায়ের বয়স কত বছর বেশি?

খ) ১০ বছর আগে মায়ের বয়স কত বছর ছিল?

গ) ১০ বছর আগে তাদের মোট বয়স কত ছিল?

NEW BLOWN

বিষয়ঃ ইসলাম শিক্ষা শ্রেণিঃ তৃতীয়

**যোগ্যতাভিত্তিক প্রশ্নোত্তর:**

**ক) ইবাদত কাকে বলে? আমরা ইবাদত করব কেন? তুমি যেসব ইবাদত কর তা হতে ৪টি উল্লেখ কর।**

**উত্তর:** আল্লাহ ও তাঁর রাসুলের কথা মতো কাজ করাকে ইবাদত বলে। আমরা আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য ইবাদত করব। আমি যেসব ইবাদত কবি তা হতে ৪টি নিচে উল্লেখ করা হলো–

১) সালাত আদায় করি।

২) কুরআন তিলাওয়াত করি।

৩) রোগীর সেব করি।

৪) ইয়াতিম মিসকিনকে সাহায্য করি।

**খ) পাক পবিত্রতা কী? পাক পবিত্র হওয়ার প্রধান উপায় কি? পাক পবিত্র থাকার ৪টি উপায় লেখ।**

**উত্তর:** পেশাব–পায়খানা, ময়লা–আবর্জনা ইত্যাদি নাপাক জিনিস হতে পাক–সাফ থাকাকেই পাক–পবিত্রতা বলে। পাক–পবিত্র হওয়ার প্রধান উপায় ওযু। পাক–পবিত্র থাকার ৪টি উপায় নিচে উল্লেখ করা হলো–

১) পেশাব–পায়খানা করার সময় আমাদের সতর্ক থাকতে হবে।

২) কাপড় চোপড় পরিষ্কার–পরিচ্ছন্ন রাখতে হবে।

৩) কাপড় নাপাক হলে পানি দিয়ে ধুয়ে পাক করতে হবে।

৪) সব সময় ওযুর সাথে থাকতে হবে।

**গ) ওযু কি? ওযুর ফরজগুলো লিখ।**

**উত্তর:** পাক–পবিত্র হওয়ার প্রধান উপায় হলো ওযু। ওযুর ফরজ চারটি। যথা–

১) সমস্ত মুখমন্ডল একবার ধোয়া।

২) কনুই সহ দুই হাত একবার ধোয়া।

৩) মাথার চারভাগের একভাগ মাসেহ করা।

৪) গিরাসহ দুই পা একবার ধোয়া।

**ঘ) সালাত কি? সালাতের ৪টি নৈতিক উপকারিতা লিখ।**

**উত্তর:** আল্লাহর ইবাদতের মধ্যে সর্বপ্রধান ইবাদত হলো সালাত। সালাতের ৪টি নৈতিক উপকারিতা হলো–

১) মানুষের মনে আল্লাহর ভয় সৃষ্টি হয়।

২) মানুষ অন্যায় কাজ থেকে বিরত থাকে।

৩) মানুষ চরিত্রবান হয়।

৪) মানুষ অন্যের বিপদে সহায়তা করতে এগিয়ে আসে।

**ঙ) ইসলামের মূল ভিত্তি কয়টি? এর মধ্যে সালাতের অবস্থান কি? দৈনিক কয় ওয়াক্ত সালাত আদায় করতে হয়? দৈনিক সালাতগুলোর নাম লিখ।**

**উত্তর:** ইসলামের মূল ভিত্তি পাঁচটি। এর মধ্যে সালাত সর্বপ্রধান। দৈনিক পাঁচ ওয়াক্ত সালাত আদায় করতে হয়। দৈনিক পাঁচ ওয়াক্ত সালাতের নামগুলো হলো–

১) ফজর ২) যোহর ৩) আসর ৪) মাগরিব ও ৫) ইশা।

বিষয়ঃ হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা শ্রেণিঃ তৃতীয়

## অধ্যায়-৩ (১ম পরিচ্ছেদ)

**যোগ্যতাভিত্তিক প্রশ্নোত্তর:**

**১। বিবেকানন্দের জীবনী ও উপদেশ থেকে আমরা কী শিক্ষা পাই? তিনি শিকাগো সম্মেলনে তাঁর বক্তৃতায় কী বলেছিলেন?**

**উত্তর:** বিবেকানন্দের জীবনী ও উপদেশ থেকে আমরা অনেক কিছু শিখতে পারি। যেমন আমাদের সত্যবাদী হতে হবে। সাহসী হতে হবে। ঈশ্বরকে ভক্তি করতে হবে। সকল ধর্মকে শ্রদ্ধা করতে হবে।

স্বামী বিবেকানন্দের শিকাগো ধর্ম সম্মেলনে তাঁর বক্তৃতায় বলেছিলেন– বিবাদ নয়, সহায়তা, বিনাশ নয়, পরস্পরের ভাবগ্রহণ, সমন্বয় ও শান্তি।

**২। আনন্দময়ীর প্রকৃত নাম কী ছিল? মা আনন্দময়ীর স্বামী কোথায় চাকরি করতেন? আনন্দময়ী সকলের উদ্দেশ্যে কী বলেছেন? চারটি বাক্যে লেখ।**

**উত্তর:** আনন্দমীয়র প্রকৃত নাম ছিল নির্মলা। মা আনন্দময়ীর স্বামী ঢাকায় চাকরি করতেন। মা আনন্দমী সকলের উদ্দেশ্যে যা বলেছেন–

১) যত ভগবানের নাম করবে কত মঙ্গল হবে।

২) গুরুজন ও বাবা-মায়ের কথা শুনবে।

৩) ভালো করে লেখাপড়া শিখবে।

৪) অন্তরে যদি ভগবানের প্রতি ভালোবাসা থাকে, ভক্তি থাকে তাহলে আর ভয় নেই।

**৩। স্বামী বিবেকানন্দ ভারতবর্ষ ঘুরে কী দেখেছিলেন? তিনি কেন বলেছিলেন 'জীব সেবাই ঈশ্বর সেবা'? পাঁচটি বাক্যে লেখ।**

**উত্তর:** স্বামী বিবেকানন্দ সারা ভারতবর্ষ ঘুরে দেখেছিলেন কেবল দারিদ্র আর দারিদ্র। কেবল অশিক্ষা, কুশিক্ষা, কুসংস্কার। স্বামী বিবেকানন্দ জীব সেবাকেই ঈশ্বর সেবা বলেছেন। কারণ–

১) জীব ঈশ্বরের সৃষ্টি।

২) জীবের আত্মা হচ্ছে ঈশ্বর।

৩) ঈশ্বর জীবের মধ্যে আত্মারূপে বাস করেন।

৪) কোনো জীবকে যত্ন করলে, পরিচর্যা করলে ও রক্ষা করলে ঈশ্বর সন্তুষ্ট হন।

NEW BLOWN